

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাগমারা, রাজশাহী।

স্মারক সংখ্যাঃ ০৫.৪৩.৮১১২.০১২.০৯.০০৯.২২- ৬৪৯

তারিখঃ ০১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

**মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দোকান ভাড়া নোটিশ**


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাগমারা উপজেলাধীন ভবানীগঞ্জ পৌরসভায় দানগাছি ওয়ার্ডের দৌগাছি মৌজায় অবস্থিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলায় ১২টি দোকান ঘর নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ভাড়া প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত সময় সূচি মোতাবেক আবেদন পত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ ও জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ২৫ মে ২০২৩খ্রি. তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় আবেদন / দরপত্র বাস্তব খোলা এবং আবেদন পত্র যাচাই বাছাই করা হবে।

**আবেদন ফরম সংগ্রহ ও দাখিলের তারিখ :**

- ০১। ২৪ মে ২০২৩খ্রি, তারিখ পর্যন্ত আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ০২। ২৫ মে ২০২৩খ্রি. তারিখ সকাল ১০:০০ টা - দুপুর ১:৩০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত আবেদন / দরপত্র বাস্তব আবেদন ফরম জমা প্রদান করা যাবে।

**শর্তাবলী :**

- ০১। দোকান ভাড়া কক্ষ প্রতি কমিটি কর্তৃক সর্বনিম্ন ২,০০০/- (দুই হাজার) টাকা নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে প্রতিযোগিতামূলক ভাবে সর্বোচ্চ দর গৃহীত হবে।
- ০২। দোকান ঘরে অবৈধ ব্যবসা ও অনৈতিক কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ০৩। বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে ০১ (এক) মাসের ভাড়া অগ্রীম পরিশোধ করতে হবে।
- ০৪। প্রতি মাসের ভাড়া ০১ হতে ০৫ তারিখের মধ্যে ভাড়া পরিশোধ করতে হবে।
- ০৫। বরাদ্দ প্রাপ্ত দোকানের কোন অবকাঠামো পরিবর্তন করা যাবে না।
- ০৬। বরাদ্দ প্রাপ্ত দোকান ঘর অন্যত্র সাবলীজ দেয়া যাবে না।
- ০৭। দোকান ঘরের বিদ্যুৎ বিল নিজ নিজ পরিশোধ করতে হবে।
- ০৮। দোকান ঘর ও সামনের স্থান স্ব স্ব উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- ০৯। দোকান ঘরের বরাদ্দ বাতিল করতে হলে কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- ১০। দোকান ভাড়ার বিষয়ে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে, এছাড়া কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ / বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(এ, এফ, এম, আবু সুফিয়ান)  
উপজেলা নির্বাহী অফিসার  
বাগমারা, রাজশাহী।

ফোন-০২৫৮৮৮৬৯৫০১

email:unobagmara@mopa.gov.bd

**অনুলিপি সদয় অবগতির জন্য :**

- ১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

**অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো :**

- ১। উপজেলা ..... অফিসার, বাগমারা, রাজশাহী।
- ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি, বাগমারা, রাজশাহী। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩। মেয়র, তাহেরপুর/ভবানীগঞ্জ পৌরসভা, বাগমারা, রাজশাহী।
- ৪। চেয়ারম্যান, ..... ইউপি (সকল), বাগমারা, রাজশাহী।
- ৫। জনাব .....  
..... বাগমারা, রাজশাহী।